নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা প্রশাসক, নেত্রকোণা**
**ও**
**রিটার্নিং অফিসারের কার্যালয়**
**ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন**

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নম্বর-০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২৫-৯৯

তারিখ: ১৫ মাঘ ১৪৩২
২৯ জানুয়ারি ২০২৬

## গণ-বিজ্ঞপ্তি

আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের দিন ভোটকেন্দ্রে প্রবেশে বিধি নিষেধ রয়েছে এবং সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের ভোটার ও নির্বাচন কমিশনের অনুমোদিত পরিচয়পত্রধারীরাই ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন। গণমাধ্যমকর্মীদের জন্য কমিশন কর্তৃক অনুমোদিত "নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের জন্য নীতিমালা ২০২৫" অনুসারে; যা মেনে সাংবাদিকদের সংবাদ সংগ্রহ করতে হবে।

০২। সংবাদ সংগ্রহে ইচ্ছুক সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার ইস্যুর জন্য নির্বাচন কমিশন হতে https://pr.ecs.gov.bd/ ওয়েব পোর্টাল তৈরি করা হয়েছে। সারাদেশের সাংবাদিকদের উক্ত পোর্টালে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দাখিলকৃত আবেদনসমূহ যাচাই-বাছাই করে অনুমোদন করার পর আবেদনকারী সাংবাদিক অনলাইন হতে কার্ড ও গাড়ির স্টিকার ডাউনলোড করে মুদ্রণ করতে হবে।

০৩। ঢাকাস্থ কেন্দ্রীয় সাংবাদিকদের কার্ড ও গাড়ির স্টিকার নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখা হতে এবং সারাদেশের স্থানীয় পর্যায়ের সাংবাদিকদের সাংবাদিক কার্ড ও গাড়ির স্টিকার সংক্রান্ত অনলাইন আবেদনসমূহ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা তাঁর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অনুমোদন করবেন। এজন্য ইতোমধ্যে (https://pr.ecs.gov.bd/) পোর্টালে রিটার্নিং অফিসারদের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরি করা হয়েছে।

০৪। সাধারণত দৈনিক, সাপ্তাহিক, ইলেকট্রনিক গণমাধ্যম যেমন-রেডিও, টেলিভিশন, সরকার অনুমোদিত অনলাইন নিউজ এজেন্সি, আইপি টিভি, অনলাইন নিউজ পোর্টাল ও নিউজ এজেন্সির সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার দেয়া হয়। এদের মধ্যে যেসব পত্রিকার নাম চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মিডিয়া লিস্টে রয়েছে; এছাড়াও দৈনিক পত্রিকার নিবন্ধন রয়েছে এবং নিয়মিত প্রকাশিত হয় সেসব পত্রিকার সাংবাদিকদের অনলাইনে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত তথ্যাদি যাচাই-বাছাই করে পরিচয়পত্র ও গাড়ির স্টিকার অনুমোদন করা হবে।

০৫। গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সংবাদ সংগ্রহে ইচ্ছুক সাংবাদিকগণ আগামী **০৩ ফেব্রুয়ারি ২০২৬** তারিখ পর্যন্ত https://pr.ecs.gov.bd/ পোর্টালে প্রবেশ করে আবেদন সম্পন্ন করতে হবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত ফরমেট ও সাইজ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করতে হবে-

- আবেদনকারীর ছবি: 300x300 px, JPG/PNG, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক);
- স্বাক্ষর: 300×80 px, JPG/PNG, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- NID কার্ড: JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- প্রেস কার্ড/অফিস আইডি: JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- গণমাধ্যম প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত সাংবাদিকের তালিকা: সাধারণত 200 KB, সাংবাদিক ক্ষেত্রে সর্বোচ্চ 4 MB
- নিবন্ধনের প্রমাণপত্র (যদি থাকে): JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (ঐচ্ছিক)
- PID/Accreditation কার্ড (যদি থাকে): JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (ঐচ্ছিক)
- সাপোর্ট স্টাফ প্রয়োজন হলে পোর্টালে চাহিত সকল তথ্যসহ আবেদন করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন অনুমোদন করা হবেনা। (ছবি ও স্বাক্ষরের ব্যাকগ্রাউন্ড পরিষ্কার করলে কার্ডে স্বাক্ষর সুন্দরভাবে প্রদর্শিত হবে।)

০৬। নির্বাচনি এলাকা ও ভোটকেন্দ্রে সাংবাদিকদের নিম্নোক্ত নির্দেশাবলী মেনে চলতে হবে।

- নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রদত্ত বৈধ কার্ডধারী সাংবাদিক সরাসরি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন।
- ভোটকেন্দ্রে প্রবেশের পর প্রিজাইডিং অফিসারকে অবহিত করে ভোটগ্রহণ কার্যক্রমের তথ্য সংগ্রহ, ছবি তোলা এবং ভিডিও ধারণ করতে পারবেন, তবে কোনক্রমেই গোপন কক্ষের ভিতরের ছবি ধারণ করতে পারবেন না:
- একইসাথে দুইয়ের অধিক মিডিয়ার সাংবাদিক একই ভোটকক্ষে প্রবেশ করতে পারবেন না এবং ১০ মিনিটের বেশি ভোটকক্ষে অবস্থান করতে পারবেন না;
- ভোটকক্ষে নির্বাচনি কর্মকর্তা, নির্বাচনি এজেন্ট বা ভোটারদের সাক্ষাৎকার গ্রহণ করতে পারবেন না;
- ভোটকক্ষের ভিতর হতে কোনভাবেই সরাসরি সম্প্রচার করা যাবে না;
- ভোটকেন্দ্রের ভিতর হতে সরাসরি সম্প্রচার করতে হলে ভোটকক্ষ হতে নিরাপদ দূরত্বে গিয়ে তা করতে হবে, কোনক্রমেই ভোটগ্রহণ কার্যক্রমে বাঁধার সৃষ্টি করা যাবে না;

- সাংবাদিকগণ ভোটগণনা কক্ষে ভোট গণনা দেখতে পারবেন, ছবি নিতে পারবেন তবে সরাসরি সম্প্রচার করতে পারবেন না;
- ভোটকক্ষ হতে ফেসবুকসহ কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে সরাসরি প্রচার করা যাবেনা;
- কেন্দ্রের ভোটগ্রহণ কার্যক্রম ব্যাহত হয় এমন সকল কাজ থেকে বিরত থাকবেন;
- ভোটকেন্দ্রে সাংবাদিকগণ প্রিজাইডিং অফিসারের আইনানুগ নির্দেশনা মেনে চলবেন:
- নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাজে কোনরূপ হস্তক্ষেপ করতে পারবেন না;
- কোন প্রকার নির্বাচনি উপকরণ স্পর্শ বা অপসারণ করতে পারবেন না;
- নির্বাচনি সংবাদ সংগ্রহের সময় প্রার্থী বা কোন রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে যেকোন ধরণের প্রচারণা বা বিদ্বেষমূলক প্রচারণা হতে বিরত থাকবেন;
- নির্বাচন অনুষ্ঠানে সহায়তার জন্য নির্বাচনি আইন ও বিধিবিধান মেনে চলবেন; **(বিধিমালা জেলা প্রশাসক, নেত্রকোণা ও রিটার্নিং অফিসারের কার্যালয়ের ওয়েবসাইটে 'নির্বাচনী সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের জন্য নীতিমালা ২০২৫' সংরক্ষিত আছে)**।

০৭। নির্বাচন কমিশন/রিটার্নিং অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে একই পদ্ধতিতে সফটওয়ারে নির্ধারিত তথ্য প্রদান পূর্বক আবেদন করলে পরিচয়পত্র ও গাড়ির স্টিকার প্রদান করা হবে।

উপরোল্লিখিত বিষয়টি নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ২৬ জানুয়ারি ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৪৩ নং স্মারক অনুযায়ী নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

তারিখ: ২৯ দিন ০১ মাস ২০২৬ বৎসর

(মোঃ সাইফুর রহমান)
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

নম্বর-০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২৫-৯৯

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ / ২৯ জানুয়ারি ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৬। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৮। পুলিশ সুপার, নেত্রকোণা।
৯। অধিনায়ক, নেত্রকোণা ব্যাটালিয়ন (৩১ বিজিবি), নেত্রকোণা।
১০। অধিনায়ক, র‍্যাব-১৪, ময়মনসিংহ।
১১। জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা।
১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নেত্রকোণা।
১৩। জেলা তথ্য অফিসার, নেত্রকোণা **(তাঁকে গণ-বিজ্ঞপ্তিটি নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)।**
১৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নেত্রকোণা ও সহকারী রিটার্নিং অফিসার **(গণ-বিজ্ঞপ্তিটি নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)।**
১৫। অফিসার ইনচার্জ (সকল থানা), নেত্রকোণা।
১৬। উপজেলা নির্বাচন অফিসার, (সকল) নেত্রকোণা **(গণ-বিজ্ঞপ্তিটি নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)।**
১৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, (সকল), নেত্রকোণা।
১৮। সভাপতি/সম্পাদক জেলা প্রেসক্লাব, নেত্রকোণা **(গণ-বিজ্ঞপ্তিটি নির্বাচনি এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)।**
১৯। নোটিশ বোর্ড।

জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন।